



চেয়ারম্যান  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট-৯৩৫১  
৩১ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ  
১৪ মে ২০২১



## বাণী

আসসালামুআলাইকুম। পবিত্র ঈদ-উল-ফিতর ২০২১ খ্রিঃ (১ শাওয়াল, ১৪৪২ হিজরী) উপলক্ষে বন্দরের সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, স্টীভেডরসসহ সকল বন্দর ব্যবহারকারী ও শুভানুধ্যায়ী এবং তাদের পরিবার পরিবারবর্গকে জানাই “ঈদ মোবারক”।

ইসলাম শান্তি ও কল্যাণের ধর্ম এবং ঈদ মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। মাসব্যাপী সিয়াম-সাধনার পর আনন্দ-খুশি, উচ্ছাস আর ভালোবাসার সমারোহ নিয়ে আমাদের মাঝে সমাগত হয়েছে পবিত্র ঈদ-উল-ফিতর। এ আনন্দ ছড়িয়ে পরে সবার মাঝে। ঈদ সব শ্রেণি পেশার মানুষের মধ্যে গড়ে তোলে সম্প্রীতি, সৌহার্দ্য ও ঐক্যের বন্ধন। ঈদ শান্তি, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের অনুপম শিক্ষা দেয় এবং সাম্য, মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে সকলকে আবদ্ধ করে। মহামারী করোনার মধ্যে মোংলা বন্দরে বর্তমানে প্রকল্প সমূহের কাজ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। প্রকল্প সমূহের কাজ সমাপ্ত হলে বন্দর চ্যানেলে ১০ মিটার এর অধিক ড্রাফটের জাহাজ গমনাগমন করতে পারবে, বন্দর চ্যানেল সার্বক্ষণিক পর্যবেক্ষণের আওতায় আসবে, সুপেয় পানির চাহিদা পূরণ হবে, মোংলা বন্দরের বহরে যুক্ত হবে আধুনিক জলযান, নিশ্চিত হবে আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা এবং তৈরি হবে ২০৫০ সাল পর্যন্ত মাষ্টার প্লান।

সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে এ বছর ঈদ কিছুটা ভিন্ন আংগিকে উদযাপিত হতে যাচ্ছে। সকলে স্বাস্থ্য সচেতনতা প্রতিপালনের উপর বিশেষ গুরুত্বারোপ করে নিজ এবং পরিবারের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সচেষ্ট হবেন বলে আশা রাখি। সরকারি নির্দেশনার প্রতি শ্রদ্ধাশীল থেকে বন্দরের কর্মকর্তা ও কর্মচারী কর্মস্থলে অবস্থান করায় সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। স্বাস্থ্যবিধি মেনে, সামাজিক দূরত্ব বজায় রেখে নিকটস্থ মসজিদে ঈদের নামাজ আদায় করতঃ ঘরে থেকে ঈদ উদযাপন করে নিজে সুস্থ থাকুন এবং অন্যকে সুরক্ষিত রাখুন।

চলমান করোনা ভাইরাসের দুর্যোগ কাটিয়ে সরকারের ভিশন ২০৪১ সালের উন্নত বাংলাদেশ গড়তে মোংলা বন্দর অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে এই প্রত্যাশায় পবিত্র ঈদ-উল-ফিতর ২০২১ খ্রিঃ উপলক্ষে বন্দরের কর্মকর্তা, কর্মচারী ও বন্দর ব্যবহারকারীসহ সকল শুভানুধ্যায়ীর সুস্বাস্থ্য কামনা করি।

রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা  
চেয়ারম্যান